# আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

## ব্যবসায়িক চুক্তি পত্র (ফিন্যান্সিয়াল এসোসিয়েট)

এই ব্যবসায়িক চুক্তি পত্রটি নিশ্চিত করে যে, আমি ..................................................................................... কোড: ......................... নিম্ন উল্লেখিত সকল শর্তাবলী সুষ্ঠরুপে পালন করতে সম্মত হয়ে স্বজ্ঞানে, অন্যের বিনা প্ররোচনায় ও সুস্থ মস্তিস্কে আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর সহিত **"ব্যবসায়িক চুক্তি পত্র (ফিন্যান্সিয়াল এসোসিয়েট)"** টি সম্পাদন করলাম।

১. **কাজের ধরনঃ** বীমা আইন ২০১০ এর ধারা ২ এর উপধারা (২৯) অনুযায়ী বীমা এজেন্ট বা ফিন্যান্সিয়াল এসোসিয়েট, নিয়ন্ত্রন কর্তৃপক্ষের থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে বীমা ব্যবসা আহরন বা সংগ্রহ, বীমা পলিসি সচল, নবায়ন বা পুনরুজ্জীবিতকরণ সংক্রান্ত কার্য সম্পাদন করেন।

২. **কাজের বিবরণ-** আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এ ফিন্যান্সিয়াল এসোসিয়েট হিসাবে নিয়োগ প্রাপ্ত ব্যাক্তির কাজের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

২.১ নিয়োগ প্রাপ্ত ফিন্যান্সিয়াল এসোসিয়েট কোম্পানীর পক্ষ হয়ে বীমা ব্যবসা আহরণ সংক্রান্ত কাজে নিযুক্ত থাকবেন।

২.২ নিয়মিত শাখা কার্যালয়ে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট ইউএম/বিএম এর নিকট ব্যবসায়িক অগ্রগতির রিপোর্ট জমা দিতে হবে।

৩. **কমিশন এবং বোনাস প্রদানঃ** আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এ ফিন্যান্সিয়াল এসোসিয়েট হিসাবে নিয়োগ প্রাপ্ত ব্যক্তির কমিশন এবং বোনাস প্রদানের শর্তাবলী নিম্নে উল্লেখ করা হলো:

৩.১ আইডিআরএ এর সার্কুলার নং লাইফ-০৩(খ)/২০১২ অনুযায়ী কমিশন এবং অন্যান্য সকল বোনাস এবং আর্থিক সুবিধা সমূহ অনুমোদিত সেলস্ পলিসি এবং স্বারকলিপির ভিত্তিতে প্রদান করা হবে। কর্তৃপক্ষ যে কোন সময় সেলস্ পলিসি পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩.২ যদি গ্রাহকের বীমা প্রস্তাবপত্রে ফিন্যান্সিয়াল এসোসিয়েটের নাম এবং কোড উল্লেখ না থাকে তবে ঐ বীমা পলিসি হতে তিনি কোনরূপ আর্থিক সুবিধা প্রাপ্ত হবে না।

৩.৩ বীমা এজেন্ট প্রবিধানমালা ২০২১ অনুযায়ী ফিন্যান্সিয়াল এসোসিয়েটগণকে আইডিআরএ হতে লাইসেন্স গ্রহণ এবং মেয়াদান্তে নবায়ন করতে হবে। বীমা আইন ২০১০ এর ধারা ৫৮ অনুযায়ী আইডিআরএ লাইসেন্স সচল না থাকলে উক্ত লাইসেন্স কোন প্রকার কমিশন বা বোনাস পাবার যোগ্য হবেন না।

৩.৪ যদি কোন বীমা পলিসি ইস্যুর তারিখ হতে ১২ মাসের মধ্যে বাতিল করা হয় তবে উক্ত পলিসির বিপরীতে মোট প্রদানকৃত কমিশনের টাকা প্রদেয় কমিশন থেকে সমন্বয় করা হবে।

৩.৫ আইডিআরএ এর লাইসেন্স আবেদন/নবায়ন ফি এর সমপরিমাণ অর্থ এবং তা প্রাপ্তির ক্ষেত্রে কোনরূপ জরিমানার সম্মুখীন হলে সমুদয় অর্থ অর্জিত কমিশন থেকে সমন্বয় করা হবে।

৩.৬ এছাড়াও অন্যান্য খাতের প্রয়োজনীয় অর্থ কোম্পানী কর্তৃক সমন্বয় করার প্রয়োজন হলে তা ফিন্যান্সিয়াল এসোসিয়েটের অর্জিত কমিশন থেকে সমন্বয় করা হবে।

৪. **ফিন্যান্সিয়াল এসোসিয়েটের আচরণবিধিঃ** নিম্ন উল্লেখিত বিষয়সমূহ ফিন্যান্সিয়াল এসোসিয়েটের আচরণবিধির অন্তর্ভুক্ত, যা সর্বাবস্থায় পালন করতে হবে:

৪.১ ফিন্যান্সিয়াল এসোসিয়েট সর্বাবস্থায় বীমা গ্রাহকের সাথে মার্জিত ব্যবহার করবেন।

৪.২ অফিস চলাকালীন সময় বা গ্রাহক ভিজিটের সময় সর্বদা মার্জিত পোষাক পরিধান সহ আইডি কার্ড ধারণ করা বাধ্যতামূলক।

৪.৩ গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে এবং গ্রাহকের ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা বজায় রাখতে হবে।

৫. **ফিন্যান্সিয়াল এসোসিয়েট আচরণবিধি লঙ্ঘনঃ** একজন ফিন্যান্সিয়াল এসোসিয়েটের যে সকল কার্যাবলী আচরণবিধি লঙ্ঘন বলে বিবেচিত হবে তা নিম্নে উল্লেখ করা হলো:

৫.১ ফিন্যান্সিয়াল এসোসিয়েট তার সমস্ত অফিসিয়াল কাজ-কর্ম কোম্পানীর নীতি, অফিস আদেশসমূহ বা অন্য কোন নথিতে উল্লেখিত কোম্পানীর নির্দেশনাবলী অনুযায়ী সম্পন্ন করবেন এর কোন ব্যত্যয় ঘটাতে পারবেন না। উল্লেখ্য যে, শুধুমাত্র কোম্পানী এ ধরণের বিধি সমূহ পরিবর্তন বা পরিবর্ধন করতে পারবে।

৫.২ কোম্পানীর একজন বিক্রয় কর্মী হিসাবে তার ব্যক্তিগত আচরন বা তার বহিঃপ্রকাশের মাধ্যমে কোম্পানীর ব্যবসা বা ভাবমূর্তিক্ষুন্ন হয় এমন কোন কাজ করা যাবে না।

৫.৩ কোন ফিন্যান্সিয়াল এসোসিয়েট কোম্পানীর নীতিমালার পরিপন্থি বা কোম্পানীর ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন কাজের সম্পৃক্ততা প্রমানিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে এবং প্রয়োজন বোধে বীমা আইন এবং বাংলাদেশ দন্ডবিধি অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৬. **পদোন্নতিঃ** বার্ষিক সেলস্ পলিসিতে উল্লেখিত ধাপ সমূহ সম্পন্ন করার পর ফিন্যান্সিয়াল এসোসিয়েট পদ হতে ইউনিট ম্যানেজার পদে পদোন্নতি প্রদানের জন্য বিবেচনায় নেওয়া হবে।

৭. **চুক্তিপত্রের অবসায়নঃ** যে সকল কারণে চুক্তিপত্রের অবসায়ন হতে পারে তা নিম্নে উল্লেখ করা হলো:

৭.১ উভয় পক্ষের লিখিত সম্মতির ভিত্তিতে ; অথবা

৭.২ যদি ফিন্যান্সিয়াল এসোসিয়েট অব্যাহতি চেয়ে লিখিত আবেদন করেন এবং আস্থা লাইফ কর্তৃক তা গ্রহনযোগ্য বলে বিবেচিত হয় ; অথবা

৭.৩ ফিন্যান্সিয়াল এসোসিয়েট কর্তৃক উপরোল্লেখিত যে কোন একটি শর্ত ভঙ্গ হলে ; অথবা

৭.৪ ফিন্যান্সিয়াল এসোসিয়েট বয়স ৬৫ বছর পূর্ণ হলে ; অথবা

৭.৫ চুক্তি পত্রে উল্লেখ নেই কিন্তু আইডিআরএ এর বিধিমালা বা বাংলাদেশ দন্ড বিধি অনুযায়ী অপরাধ বলে বিবেচিত হয় এমন কোন কাজের সাথে সম্পৃক্ততা প্রমাণিত হলে।

উপধারা ৭.৩ এবং ৭.৫ অনুযায়ী চুক্তিপত্র বাতিল হলে উক্ত ফিন্যান্সিয়াল এসোসিয়েটের সকল ধরনের কমিশন এবং বোনাস প্রদান অবিলম্বে বন্ধ করা হবে এবং কোম্পানী নীতিমালা অথবা বাংলাদেশ দন্ডবিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। অন্য কোন কারণে অবসায়ন হলে, কোম্পানীর প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাওনা টাকা পরিশোধ করা হবে। ফিন্যান্সিয়াল এসোসিয়েট এর বিরুদ্ধে কোন আর্থিক অনিয়ম বা দুর্নীতি প্রমানিত হলে, উক্ত টাকা তার পাওনা টাকা থেকে সমন্বয় করা হবে।

| | |
|---|---|
| **আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড** | **ফিন্যান্সিয়াল এসোসিয়েট** |
| **তারিখঃ** | **তারিখঃ** |